



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পরিসংখ্যান বিভাগ

১৭ ফাল্গুন, ১৪৩১

তারিখঃ -----

২ মার্চ, ২০২৫

পরিসংখ্যান বিভাগ সার্কুলার লেটার নং -০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও
মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার।

e-Banking and e-Commerce সংক্রান্ত বিবরণী Revised RIT এর মাধ্যমে মাসিক ভিত্তিতে দাখিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের e-Banking and e-Commerce বিবরণী সংক্রান্ত এসডি সার্কুলার নং-০৪ তারিখ ১২ নভেম্বর, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার অনুযায়ী শুধুমাত্র তফসিলি ব্যাংকসমূহ e-Banking and e-Commerce বিবরণী মাসিক ভিত্তিতে ডিসেম্বর, ২০১৮ হতে RIT (T_ME_M_EBANKING_ECOMMERCE) তে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিসংখ্যান বিভাগে দাখিল করছে। বাস্তবতার প্রেক্ষিতে, আধুনিক প্রযুক্তি নির্ভর আর্থিক খাতের গতিধারা নির্ণয়ে ও নতুন নতুন সেবার তথ্য/উপাত্ত তফসিলি ব্যাংকসমূহের পাশাপাশি এমএফএস প্রোভাইডার হতে সংগ্রহ করা আবশ্যিক। এ লক্ষ্যে, আলোচ্য RIT টি Revised করা হয়েছে এবং বিবরণীটি যথাসময়ে নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

ক) Revised RIT (T_ME_M_EBANKING_ECOMMERCE) টি বাংলাদেশ ব্যাংকের Website হতে সংগ্রহ করতে হবে।

খ) চলমান RIT টিতে সার্কুলার অনুযায়ী বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিলের পাশাপাশি Revised RIT অনুযায়ী মার্চ, ২০২৫ হতে আগস্ট, ২০২৫ পর্যন্ত ৬ মাসের তথ্যাদি পরবর্তী মাসের ১৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে এবং তৎপরবর্তী সময়ের জন্য চলমান RIT টি বিলুপ্ত বলে গণ্য হবে।

গ) সেপ্টেম্বর, ২০২৫ হতে শুধুমাত্র Revised RIT অনুযায়ী বিবরণী নিয়মিতভাবে উল্লেখিত ১৭ তারিখের পরিবর্তে ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ড. নার্গিস হাছিনা)
পরিচালক (পরিসংখ্যান)
ফোনঃ ৯৫৩০৫২৬